

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -২ শাখা)
www.lgd.gov.bd

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২(অংশ-১).৫৮০

তারিখঃ ০৭ অগ্রহায়ণ ১৪২৩
২১ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন


খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মো: মনিরুজ্জামান-এর বিরুদ্ধে দায়েরকৃত (১) খুলনা থানার মামলা নং ১৯, তারিখঃ ২৬/১১/২০১৩ এর বিষয়ে অভিযোগপত্রসমূহ নং ১০৪ ও ১০৪(ক) তারিখ-৩০/০৪/২০১৫ (২) খুলনা থানার মামলা নং ৫, তারিখঃ ০৪/০১/২০১৪ এর বিষয়ে অভিযোগপত্র নং ১৫৯ তারিখ-৩১/০৫/২০১৫ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার বিভাগের ০২ নভেম্বর ২০১৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২.৫৯৬ নং প্রজ্ঞাপন মূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

০২। উক্ত প্রজ্ঞাপনের বিরুদ্ধে জনাব মো: মনিরুজ্জামান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭০৯৮/২০১৬ দায়ের করলে মহামান্য হাইকোর্ট গত ০৭ জুন ২০১৬ তারিখের প্রদত্ত আদেশে স্থানীয় সরকার বিভাগের সাময়িক বরখাস্তের আদেশের ওপর ০৬(ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল মামলা (মামলা নং-২৫৪৭/২০১৬) দায়ের করা হলে আপীলটি গত ১৩ নভেম্বর ২০১৬ তারিখের আদেশে খারিজ হয়।

০৩। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৭০৯৮/২০১৬- মূলে প্রদত্ত স্থগিতাদেশ বজায় থাকাকালীন সময়ে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মো: মনিরুজ্জামান-কে সাময়িক বরখাস্তের আদেশটির কার্যকারিতা স্থগিত থাকবে।

০৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২১.১১.১৬
(কাজী আসাদুজ্জামান)
উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

ইমেইল- asadkazids@yahoo.com

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২(অংশ-১).৫৮০(১৪)

তারিখঃ ০৭ অগ্রহায়ণ ১৪২৩
২১ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- (৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) বিভাগীয় কমিশনার, খুলনা।
- (৫) জনাব মোঃ মনিরুজ্জামান, মেয়র, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- (৬) জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস, প্যানেল মেয়র-১ ও কাউন্সিলর, ১৬ নং সাধারণ ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশন।
- (৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
- (৮) জেলা প্রশাসক, খুলনা।
- (৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১০) উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে ১০০ (একশত) কপি এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- (১১) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১২) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- (১৩) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের বক্তৃগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৪) অফিস কপি।

